

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১১৬৬

৩২/ জিহাদ (کتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩২/৩২, কাবা গৃহের আশপাশ থেকে মূর্তি সরানো।

إزالة الأصنام من حول الكعبة

আরবী

حديث عَبْدِ اللهِ بْنِ مَسْعُود رضي الله عنه، قَالَ: دَخَلَ النَبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَكَّةَ، وَحَوْلَ الْكَعْبَةِ ثَلاَثُمِائَةٍ وَسِتُّونَ نُصنبًا، فَجَعَلَ يَطْعَنُهَا بِعُودٍ فِي يَدِهِ، وَجَعَلَ يَقُولُ: (جَاء الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُ) الآيَةَ

বাংলা

১১৬৬. আবদুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন (বিজয়ীর বেশে) মক্কায় প্রবেশ করেন, তখন কা'বা শরীফের চারপাশে তিনশ' ষাটটি মূর্তি ছিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের হাতের লাঠি দিয়ে মূর্তিগুলোক আঘাত করতে থাকেন আর বলতে থাকেনঃ "সত্য এসেছে এবং মিথ্যা বিলুপ্ত হয়েছে, (আয়াতের শেষ পর্যন্ত)- (সুরা ইসরা ১৭/৮১)।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৪৬: অত্যাচার, কিসাস ও লুষ্ঠন, অধ্যায় ৩২, হাঃ ২৪৭৮; মুসলিম, পর্ব ৩২: জিহাদ, অধ্যায় ৩২, হাঃ ১৭৮১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন